

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৫৩

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৫২. ফকীহগণের ইখতিলাফ বা মতবিরোধ

بَابُ اخْتِلَافِ الْفُقَهَاءِ

## আরবী

أَخْبَرَنَا الْحَجَّاجُ بْنُ الْمِنْهَالِ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ أَنْبَأَنَا هِشَامُ بْنُ عُرْوَةَ عَنْ عُرْوَةَ عَنْ عُرْوَةَ عَنْ عُرْوَةَ عَنْ عُرُوقَةً عَنْ عُرُوقَةً عَنْ مُرُوانَ بْنِ الْحَكَمِ قَالَ لِي إِنِّي قَدْ رَأَيْتُ فِي الْجَدِّ مَرْوَانَ بْنِ الْحَكَمِ قَالَ لِي إِنِّي قَدْ رَأَيْتُ فِي الْجَدِّ رَأَيًا فَإِنْ رَأَيْتُمْ أَنْ تَتَبِعُوهُ فَاتَبِعُوهُ قَالَ عُتْمَانُ إِنْ نَتَّبِعْ رَأْيَكَ فَإِنَّهُ رَشَدٌ وَإِنْ نَتَّبِعْ رَأْيُ وَلَيْ لَا فَإِنْ نَتَّبِعْ رَأْيُ وَلَا لَا الْمَالُ وَكَانَ قَالَ وَكَانَ أَبُو بَكْرٍ يَجْعَلُهُ أَبًا

إسناده جيد

## বাংলা

৬৫৩. মারওয়ান ইবনুল হাকাম বলেন: উছমান ইবনু আফফান রাদ্বিয়াল্লান্থ আনন্থ আমাকে বললেন: উমার রাদ্বিয়াল্লান্থ আনন্থ আমাকে বলেছিলেন: আমি দাদার ব্যাপারে একটি অভিমত পোষণ করি। যদি তোমরা মনে করো যে, তোমরা তা অনুসরণ করবে, তবে তোমরা তা অনুসরণ করতে পারো। উছমান (তাঁকে) বললেন: আমরা যদি আপনার অভিমত অনুসরণ করি, তবে সেটি হবে সঠিক পথ। তবে আমরা যদি আপনার পূর্ববর্তী বৃদ্ধের মতামত অনুসরণ করি, তবে তিনি কতই না উত্তম মতের অধিকারী ছিলেন! তিনি বলেন: আবু বাকর রাদ্বিয়াল্লান্থ আনহু তাকে (দাদাকে) পিতার স্থলাভিষক্তি করতেন।[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ জাইয়্যেদ বা উত্তম।

তাখরীজ: হাকিম, আল মুসতাদরাক ৪/৩৪০; সামনে এ হাদীস আসছে (ফারাইয অধ্যায়ে) ২৯৬০ নং এ।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মারওয়ান ইবনু হাকাম (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন